

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

২১শে ফেব্রুয়ারি, আমাদের বাঙ্গালী জীবনের এক অবিচ্ছেদ্য অংশ। পৃথিবীর যে অঞ্চলেই থাকি না কেন, আমি বাঙ্গালী। বাংলা আমার ভাষা। পৃথিবীতে আমরাই একমাত্র জাতি যারা মাতৃভাষার জন্য পান দিতে দ্বিধাবোধ করিনি। সেই '৫২'র ভাষা আন্দোলনের অবদান আমরা এখনো পর্যন্ত বাংলায় কথা বলি। যার ফলস্বরূপে ২১শে ফেব্রুয়ারি এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পৃথিবীর বিভিন্ন দেশে পালিত হয়ে আসছে। সিন্ডিনার এশফিল্ড পার্কে মর্সেদ মিনার এবং একুশে একাডেমী অস্ট্রেলিয়া ইফ্র এর বইমেলা তারই ধারাবাহিকতার প্রমাণ।

অথচ এই প্রবাস জীবনে ভিন্ন সংস্কৃতির ক'জন জানেন মাতৃভাষার গুরুত্ব? মূলধারা ইংরেজি ভাষার মাঝে হারিয়ে যাচ্ছে অনেক ভাষা। ন্যাশনাল জিওগ্রাফি'র মতে প্রতি বছরে পৃথিবীর বুক থেকে হারিয়ে যাচ্ছে ১৫এরও অধিক ভাষা। আগামী শতকের মধ্যে বিলীন হয়ে যাবে ৭০০০এরও বেশী ভাষা।

তাই নিজ ভাষার চর্চাটা রাখা চাই। নিজেদের সাথে অন্য সংস্কৃতির মাঝে তুলে ধরতে হবে মাতৃভাষার গুরুত্ব। এই প্রয়াসে গত বছরের মত এ বছরেও সাউথ ইস্ট নেইবারহুড সেন্টার ইস্টলেক্স শপিং সেন্টারে আগামী ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস আয়োজন করতে যাচ্ছে। সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বাংলা এবং ভিন্ন ভাষার সাংস্কৃতিক অনুষ্ঠান সহ বিভিন্ন সংস্কৃতির মানুষজনের অংশগ্রহণে অনুষ্ঠানটি হয়ে উঠবে বৈচিত্র্যময়। আপনারা সবাই সাদরে আমন্ত্রিত।

বিস্তারিত তথ্যের জন্য কিংবা অনুষ্ঠানে অংশ নেয়ার জন্য যোগাযোগ করুন -



আশরাফুর রাহমান

সাউথ ইস্ট নেইবারহুড সেন্টার

শপ ৬৮, ইস্টলেক্স শপিং সেন্টার, ইস্টলেক্স

ফোনঃ ৮৩৩৮ ৮৫০৬; ০৪০১৬৪৬৯৩১